



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 1st
Answer Worksheet - 1
Class - 2

Subject : Bengali Text
Topic : প্রার্থনা

Date : 02.07.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) 'প্রার্থনা' কবিতায় কারা কার কাছে প্রার্থনা করছে ও প্রার্থনা করে কি চাইছে?

উঃ 'প্রার্থনা' কবিতায় ছোটো শিশুরা প্রার্থনা করছে। তারা ভগবানের কাছে প্রার্থনা করছে। প্রার্থনা করে তারা ভগবানের করুণা চাইছে। এছাড়া ভগবানকে তাদের শুভ মতি ও নব আশাও দান করতে বলছে।

২) ছোটো শিশুরা কেন জগতের কাজে নিজেদের ভুলে থাকতে চায়?

উঃ ভগবানের সৃষ্ট এই পৃথিবীতে সকলেরই কিছু কাজ আছে। সকলেই তাদের সাধ্যমতো এই কাজ করে থাকে। কবিতায় ছোটো শিশুরাও মনে করছে তারা ছোটো হলেও তাদেরও কিছু কাজ করার আছে। তাই তারা তাদের সেই কাজের মধ্যে দিয়ে নিজেদের ভুলে থাকতে চায়।

৩) 'প্রার্থনা' কি?

উঃ প্রার্থনা হল ঈশ্বর বা ভগবানের নিকট কোনো কিছু চাওয়া বা আকুতি করা। প্রত্যক্ষভাবে এর সফলতার সত্যতা ও প্রমাণ দেখা না গেলেও পালনকারীরা একে কার্যকর বলে মনে করে থাকেন। প্রার্থনা নীরবে, সরবে করা হয়। এছাড়া গান গেয়েও প্রার্থনা করা হয়।

_____ x _____

Rita Das